রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৪, ২০১২

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ সেপ্টেম্বর, ২০১২/০৯ আশ্বিন, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪ সেপ্টেম্বর, ২০১২/ ০৯ আশ্বিন, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০১২ সনের ৪২ নং আইন

## Grameen Bank Ordinance, 1983 (Ordinance No. XLVI of 1983) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Grameen Bank Ordinance, 1983 (Ordinance No. XLVI of 1983) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**—(১) এই আইন Grameen Bank (Amendment) Act, 2012 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য ঃ টাকা ৪.০০

২। **Ordinance No. XLVI of 1983 এর Section 14 এর সংশোধন।**—Grameen Bank Ordinance, 1983 (Ordinance No. XLVI of 1983) এর section 14 এর sub-section (1), (2) ও (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1), (2) ও (3) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(1) There shall be a Managing Director of the Bank who shall be appointed by the Board with the prior approval of Bangladesh Bank from the panel of the three candidates as recommended by the Selection Committee in accordance with the provisions of sub-sections (2) and (3).

(2) The Chairman in consultation with the Board shall constitute a Selection Committee of not less than three and not more than five members for the purpose of selecting a candidate for appointment as Managing Director.

(3) The Selection Committee shall recommend a panel of three candidates for appointment as Managing Director and preference shall be given to persons having knowledge and experience in rural economy and finance or in the field of microfinance."

৩। **রহিতকরণ ও হেফাজতকরণ।**—(১) Grameen Bank (Amendment) Ordinance, 2012 (অধ্যাদেশ নং ০৬, ২০১২), এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিত হওয়া সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন গৃহীত কোন কার্যক্রম, দায়েরকৃত কোন মামলা বা গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন হইবে যেন উহা এই আইনের অধীন দায়েরকৃত বা গৃহীত হইয়াছে।

**ভীম চরণ রায়**
অতিরিক্ত সচিব (এইচ আর)।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd